

গুজরাটে গো-খাদ্য প্রকল্পের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী, সূচনা করলেন জল সরবরাহ কর্মসূচিরও

নয়াদিল্লি, ১৭এপ্রিল, ২০১৭

দক্ষিণ গুজরাটের বাজিপুুরায় আজ 'সুমুল'-এর গবাদি পশুর খাদ্য প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তিনটি জলসেচ প্রকল্পেরও আজ তিনি শিলান্যাস করেন এবং পানীয় জল কর্মসূচির সূচনা করেন তাপি জেলার ভিয়ারা শহরের জন্য।

এই উপলক্ষে এক বিশাল জনসমাবেশে ভাষণদানকালে প্রধানমন্ত্রী অতীতের স্মৃতিচারণ প্রসঙ্গে বলেন যে দীর্ঘদিন তিনি এই অঞ্চলটিতে কাজ করে এসেছেন। 'সুমুল' অর্থাৎ, সুরাট জেলা সমবায় দুগ্ধ উৎপাদক ইউনিয়ন লিমিটেড নিকটবর্তী অঞ্চলগুলির বেশ কিছু মানুষের ক্ষমতায়নের কাজে এগিয়ে এসেছে। উম্মারগাঁও থেকে আশ্বাচি পর্যন্ত এলাকাটির আমূল পরিবর্তন ঘটেছে। এর ফলে উপকৃত হয়েছেন গুজরাটের আদিবাসী সম্প্রদায়ের মানুষরা। 'সুমুল' থেকে যেরকম ইতিবাচক ফল পাওয়া গেছে(সেরকমই সাফল্য অর্জন করা সম্ভব যদি 'সহকার' (সমবায়) এবং 'সরকার'(প্রশাসন) একযোগে কাজ করে যায়।প্রধানমন্ত্রীর মতে, কৃষক এবং দুগ্ধোৎপাদন কেন্দ্রগুলি যদি পরস্পরের সঙ্গে সহযোগিতার মধ্য দিয়ে কাজ করে, তবে তার সাফল্য তুলে ধরার সুযোগ ঘটে 'সুমুল'-এর।

শ্রী মোদী বলেন, তাপি হল গুজরাটের নতুন জেলাগুলির অন্যতম। এই জেলার উল্লেখযোগ্য অগ্রগতি লক্ষ্য করে তিনি বিশেষভাবে আনন্দিত।

কৃষিক্ষেত্রে মূল্য সংযোজনের আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বিশেষ জোর দেন মাথাপিছু দুগ্ধ উৎপাদনের ওপরও।